# Sanatan Dharma



**বিশ্বাস যোগ্য কোন ব্যক্তি**

প্রশ্ন :- বিশ্বাস যোগ্য কোন ব্যক্তি বা কাকে বিশ্বাস করা উচিত?

উ:- যাহার স্থূল শরীর, সূক্ষ্ম শরীর, বিচার এবং মানসিক চিন্তাধারা থেকে সম্পূর্ণরূপে আপ্সমার(পাপপুরুষ) বেরিয়ে গেছে সেইরকম মহা শুদ্ধ ব্যাক্তকেই একমাত্র সর্ব সময়, সর্বকালে, সর্ব পরিস্থিতিতে, সর্বস্থানে বিনা তর্কে, বিনা বিচারে, বিনা সংশয়ে বিশ্বাস করা উচিত- অর্থাৎ সম্পূর্ণরূপে আপ্সমার(পাপপুরুষ) মুক্ত ব্যাক্তিই বিশ্বাসযোগ্য ।

কিন্তু যার মধ্যে (অর্থাৎ সেই ব্যক্তি পুরুষ হোক, নারী হোক, বালক হোক, বৃদ্ধ হোক) আপ্সমার(পাপপুরুষ) বিদ্যমান আছে- সে যতোই পূজা, পাঠ, জপ, ব্রত, যোগ্য হোম বা ধর্মীকতার আচরণ করুকনা কেন সেই ব্যক্তি কোনো কারণেই সম্পূর্ণরূপে বিশ্বাসযোগ্য নয় ।

তাই শাস্ত্র অনুসারে নিজেকে সকলের প্রকৃত পক্ষে বিশ্বাসযোগ্য করে তোলার জন্য নিজের মধ্য থেকে আপ্সমারকে(পাপপুরুষ) সম্পূর্ণরূপে বের করার জন্য সর্বদা শাস্ত্র অনুসারে দৃঢ় অনুশাসন রত থাকা প্রত্যেকের পরম কর্তব্য ।

Published on: Jan, 18 2023 11:28